
# স্বত্বভাড়া হিসাব
# Royalties Account

# ৪

## ভূমিকা
## Introduction

জগতে কিছু কাজ আছে যা সব মানুষের পক্ষে সম্পাদন করা সম্ভব হয়ে উঠেনা, কিন্তু সবাই এর সুফল ভোগ করতে পারে। এ সকল কাজ কেবলমাত্র বিশেষ ধরনের গুণাবলির মাধ্যমে অর্জিত হয়, যেমন : বই লেখার কাজ। এ জাতীয় কাজ সম্পাদনের মাধ্যমে ব্যক্তি এক ধরনের অদৃশ্য সম্পত্তির মালিকানা অর্জন করেন। মূলত এসকল কাজগুলো হলো সেবামূলক। পরবর্তীতে উক্ত সম্পত্তি অন্যের কাজে লাগে। তাই এ জাতীয় সম্পত্তি অন্যদের ব্যবহারের জন্য সরবরাহ করা হয়। ব্যবহার করার কারণে ব্যবহারকারীর নিকট হতে ভাড়া নেওয়া হয়, যা স্বত্বভাড়া নামে পরিচিত। সম্পত্তির মালিকানা স্বত্ব এ ক্ষেত্রে হস্তান্তরিত হয় না। শুধুমাত্র সম্পত্তি ব্যবহার করার অধিকার দেওয়ার বিনিময়ে ভাড়া ধার্য হয়।

| | |
|---|---|
|  **ইউনিট সমাপ্তির সময়** | ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ২ সপ্তাহ |

**এ ইউনিটের পাঠসমূহ**

পাঠ-৪.১ : স্বত্বভাড়া হিসাবের সংজ্ঞা ও এর কতিপয় বিষয়সমূহ।
পাঠ-৪.২ : ঘাটতি উৎপাদন ভাড়া ও পুনরুদ্ধার অযোগ্য ঘাটতি উৎপাদন ভাড়ার মধ্যে পার্থক্য।
পাঠ-৪.৩ : স্বত্বভাড়া হিসাব লিখন পদ্ধতি।
পাঠ-৪.৪ : গাণিতিক সমস্যা ও এর সমাধান।

# পাঠ-৪.১ স্বত্বভাড়া হিসাবের সংজ্ঞা ও কতিপয় বিষয়সমূহ

## Definition and Some Items of Rolalty

**উদ্দেশ্য**

**এ পাঠ শেষে আপনি-**

- স্বত্ব ভাড়া কী তা বলতে পারবেন।
- স্বত্ব ভাড়া হিসাবরক্ষণের কপিতপয় বিষয় ব্যাখ্যা করতে পারবেন।

### স্বত্ব ভাড়ার সংজ্ঞা

### Definition of royalty

সম্পত্তির মালিককে সম্পত্তি ব্যবহারের জন্য সম্পত্তি ব্যবহারকারী যে ভাড়া দেয় তাকেই স্বত্ব ভাড়া বলে। অধ্যাপক এম ভট্টাচার্য এর মতে, উৎপাদন বা বিক্রয়ের ভিত্তিতে কোনো খনির মালিককে বা কোনো পেটেন্টের স্বত্বাধিকারীকে বা কোনো গ্রন্থকারককে তার পেটেন্ট ব্যবহারের জন্যে ব্যবহারকারী প্রতিষ্ঠান বা ইজারাদার যে ভাড়া বা খাজনা প্রদান করে, তাকে স্বত্ব ভাড়া বা Royalty বলে। এরূপ ক্ষেত্রে পেটেন্ট ব্যবহারের জন্যে কেবলমাত্র স্বত্বভাড়া প্রদান করা হয়, কিন্তু পেটেন্ট এর মালিক তাঁর পেটেন্ট পুরোপুরি বিক্রয় নাও করতে পারেন। এ স্বত্বভাড়া একটি নির্দিষ্টহারে উৎপাদিত পণ্য বা বিক্রয়ের উপর নির্ণয় করা হয়। যখন ভূমির মালিক বা লেখক অন্য কোনো ব্যক্তিকে তার ভূমি বা বই ব্যবহার করার অধিকার প্রদান করেন, তখন ব্যবহারকারীকে পেটেন্ট গ্রহীতা, লাইসেন্স প্রাপক বা প্রকাশক বলে। ভূমি ও বই ব্যবহার বা প্রকাশের জন্যে যে অর্থ প্রদান করা হয় তাকে মুনাফাজাতীয় ব্যয় হিসেবে বিবেচনা করা হয়। স্বত্বভাড়া ভাড়া গ্রহীতার নিকট একটি ব্যয় ও ভাড়া প্রদানকারীর নিকট আয় হিসেবে গণ্য হয়। পরিশেষে আমরা বলতে পারি যে, কোনো কারবার প্রতিষ্ঠান নির্দিষ্ট সম্পত্তি ব্যবহারের বিপরীতে যে ভাড়া প্রদান করে তা হলো স্বত্বভাড়া।

### স্বত্ব ভাড়া হিসাবরক্ষণের কপিতপয় বিষয়

### Some items relating to royalty accounts

**১। উপস্বত্ব ভাড়া (Sub-Royalty) :** অনেক সময় স্বত্বভাড়াটিয়া তার ভাড়াকৃত সম্পত্তির একটি অংশ তৃতীয় কোনো পক্ষের নিকট ভাড়া প্রদান করে থাকেন। ইজারাদার বা স্বত্বভাড়াটিয়া তার ভাড়াকৃত সম্পত্তির আংশিক স্বত্ব অন্যের নিকট ভাড়া দিয়ে যে অর্থ আয় করেন তাকে উপস্বত্ব ভাড়া বলা হয়। উপস্বত্ব ভাড়াদার উৎপাদন বা বিক্রয়ের ভিত্তিতে নির্ধারিত ভাড়া বা ন্যূনতম ভাড়া এ দুইটির মধ্যে যেটি বেশি সেটি পরিশোধ করতে হয়। এ উপভাড়া প্রথম ভাড়াটিয়ার আয় কিন্তু উপভাড়াটিয়ার ব্যয়। চুক্তির শর্ত মোতাবেক ঘাটতি উৎপাদন খাজনা সমন্বিত করা যায়। এরূপ ক্ষেত্রে উপস্বত্ব ভাড়াদার তার বহিতে স্বত্ব প্রদানকারীর হিসাব এবং উপস্বত্ব গ্রহণকারীর হিসাব রাখতে হয়।

**২। ন্যূনতম খাজনা বা ভাড়া (Minimum Rent) :** স্বত্বভাড়া সংক্রান্ত চুক্তিপত্রে সাধারণত উল্লেখ থাকে যে, বিক্রয় বা উৎপাদনের ভিত্তিতে যে ভাড়া প্রদান করা হবে তা নির্দিষ্ট একটি একক বা পরিমাণের কম হতে পারবে না। এ নির্দিষ্ট পরিমাপকেই ন্যূনতম খাজনা/ভাড়া বলে। এ ক্ষেত্রে প্রকৃত স্বত্বভাড়া এবং ন্যূনতম ভাড়ার মধ্যে যেটি বড় সেটি ভূস্বামী গ্রহণ করেন। স্বত্ব ভাড়া চুক্তিতে ন্যূনতম নির্দিষ্ট পরিমাণ অর্থ ভাড়া বাবদ অবশ্যই প্রতি বৎসর স্বত্বভাড়া প্রদানকারীকে দিতে হবে এমন শর্ত যোগ থাকে। এরূপ ক্ষেত্রে উৎপাদন বা বিক্রি হোক বা না হোক স্বত্ব প্রদানকারী প্রতি বৎসর নির্দিষ্ট অঙ্কের ভাড়া পেয়ে থাকে। ন্যূনতম খাজনাকে Dead Rent, Fixed Rent, Head Rent, Annual Rent, Sleeping Rent প্রভৃতি নামেও অভিহিত করা হয়। প্রদেয় খাজনার পরিমাণ ন্যূনতম ভাড়া অপেক্ষা কম হলে তাকে ঘাটতি উৎপাদন ভাড়া বলে এবং বেশি হলে তাকে বাড়তি উৎপাদন ভাড়া বলে। স্বত্বভাড়া গ্রহীতা ও দাতা উভয়ের আর্থিক স্বার্থ রক্ষার লক্ষ্যে ন্যূনতম খাজনার ধারাটি ইজারা দলিলে রাখা হয়েছে।

**৩। ঘাটতি উৎপাদন ভাড়া (Shortworkings) :** স্বত্বভাড়া বাবদ প্রদেয় খাজনার পরিমাণ ন্যূনতম ভাড়া অপেক্ষা যে পরিমাণ কম হয় সে পরিমাণকে ঘাটতি উৎপাদন ভাড়া (Shortworkings) বলে। সংক্ষেপে বলা যায়, যদি ন্যূনতম ভাড়া বেশি হয় তবে ন্যূনতম ভাড়া ও প্রকৃত স্বত্বভাড়ার মধ্যে পার্থক্যই হলো ঘাটতি উৎপাদন ভাড়া। মনে করুন, স্বত্ব ভাড়া গ্রহীতা ও দাতার মধ্যে সম্পাদিত চুক্তি অনুসারে ন্যূনতম ভাড়া স্থির করা হয়েছে ২৫,০০০ টাকা। প্রথম বৎসর ২০,০০০ হাজার ইউনিট, প্রতি ইউনিট ১ টাকা হারে উৎপাদনের জন্য উৎপাদন ভাড়া পরিমাণ হবে ২০,০০০ টাকা। অতএব, এক্ষেত্রে ঘাটতি উৎপাদন ভাড়ার পরিমাণ হবে (২৫,০০০-২০,০০০) = ৫,০০০ টাকা। সম্পত্তির মালিক ও ব্যবসায়ীর মধ্যে অনেক সময় চুক্তির অনুসারে ন্যূনতম ভাড়ার শর্তের সাথে এরূপ শর্তও যুক্ত থাকে যে ঘাটতি উৎপাদন ভাড়া পরবর্তী এক বা একাধিক বৎসরের প্রকৃত স্বত্বভাড়া ন্যূনতম ভাড়ার অধিক হলে তা হতে কেটে নেয়া যাবে। এরূপ আদায়যোগ্য ন্যূনতম ভাড়াকে আদায়যোগ্য নির্জিব ভাড়াও বলে। আদায়যোগ্য ন্যূনতম ভাড়াকে স্থিতিপত্রের (Balance Sheet/Satement of financial position) সম্পত্তি পার্শ্বে দেখানো হয় এবং ঘাটতি ভাড়া অনাদায়ি হলে তাকে সংশ্লিষ্ট বৎসরের লাভ-লোকসান হিসাবে ডেবিট করতে হয়।

**৪। ঘাটতি উৎপাদন ভাড়া পুনরুদ্ধার (Recovery/Recoup of shortworkings) :** আমরা জানি, স্বত্বভাড়া চুক্তিতে স্বত্বগ্রহণকারী ও স্বত্বদাতার মধ্যে চুক্তিপত্রে সাধারণত ন্যূনতম ভাড়া প্রদানের বিষয় উল্লেখ থাকে। অর্থাৎ স্বত্বভাড়া চুক্তিতে ন্যূনতম নির্দিষ্ট পরিমাণ অর্থ ভাড়া বাবদ স্বত্বভাড়া প্রদানকারীকে দিতে হবে এমন শর্ত যুক্ত থাকতে পারে। আবার ন্যূনতম ভাড়া চুক্তিতে এরূপ শর্তও যুক্ত থাকতে পারে যে ঘাটতি উৎপাদন ভাড়া পরবর্তী এক বা একাধিক বৎসরের ন্যূনতম ভাড়া অপেক্ষা স্বত্বভাড়ার আধিক্য হতে কেটে নেয়া যাবে। আরোপিত এরূপ স্বত্বভাড়া কেটে নেয়ার পদ্ধতিকে উৎপাদন ভাড়া পুনরুদ্ধার বলে।

**ঘাটতি পূনরুদ্ধার নিয়মাবলি :**

i) ন্যূনতম খাজনা বা ভাড়া অতিরিক্ত স্বত্বভাড়া হতে কেবল ক্ষতিপূরণ করা যায়।

ii) চুক্তি মোতাবেক নির্ধারিত বৎসর বা সময় পর্যন্ত লোকসান পুনরুদ্ধার করা যাবে। নির্দিষ্ট সময় শেষ হয়ে গেলে ক্ষতি পূনরুদ্ধার করা যাবে না।

iii) যে পরিমাণ ঘাটতি পুনরুদ্ধার করা সম্ভব হয় না, সে পরিমাণ ঘাটতি তামাদি ঘাটতি আকারে (Shortworkings Lapse) ক্ষতি স্বরূপ লাভ-ক্ষতি হিসাবে স্থানান্তর করতে হবে।

৫। **স্বত্বভাড়াদাতা (Landlord/Lessor) :** স্বত্বভাড়া চুক্তির ক্ষেত্রে স্বত্বভাড়া প্রদানকারীকে স্বত্ব ভাড়াদাতা (Landlord/Lessor) বলে।

৬। **স্বত্বভাড়াটিয়া (Lessee)** ঃ ভূস্বামী বা মালিকপক্ষ যে পক্ষের সাথে স্বত্বভাড়া চুক্তিতে আবদ্ধ হয় সে পক্ষকে স্বত্ব ভাড়াটিয়া (Lessee) বলে।

৭। **ধর্মঘট, বন্ধ ইত্যাদি (Strike, Lockout etc.) :** শ্রমিক ধর্মঘট বা অন্য কোনো অসন্তোষের কারণে উৎপাদন অপর্যাপ্ত হলে প্রকৃত স্বত্বভাড়া ন্যূনতম ভাড়া অপেক্ষা কম হওয়ার সম্ভাবনা থাকে। এ পরিস্থিতিতে ঐ বছরের জন্য ন্যূনতম ভাড়া কী হবে সে বিষয়ে চুক্তিপত্রে বিস্তারিত উল্লেখ থাকে। সাধারণত এক্ষেত্রে আনুপাতিকহারে ন্যূনতম ভাড়া নির্ণয়ে ঐকিক নিয়ম প্রয়োগ করতে হয়।

**সারসংক্ষেপ:**

সম্পত্তির মালিককে সম্পত্তির পেটেন্ট ব্যবহারের জন্য সম্পত্তির পেটেন্ট ব্যবহারকারী যে ভাড়া দেয় তাকেই স্বত্বভাড়া বলে। সম্পত্তির পেটেন্ট ব্যবহারকারী একটি নির্দিষ্ট সময় পর্যন্ত সম্পত্তি ব্যবহারের অধিকার পায়, কিন্তু উক্ত সম্পত্তির মালিকানা পায় না।

# পাঠ-৪.২ ঘাটতি উৎপাদন ভাড়া ও পুনরুদ্ধার অযোগ্য ঘাটতি উৎপাদন ভাড়ার মধ্যে পার্থক্য
## Difference between Shortworkings and Irrecoverable Shortworkings

**উদ্দেশ্য**

**এ পাঠ শেষে আপনি-**

- ঘাটতি উৎপাদন ভাড়া ও পুনরুদ্ধার অযোগ্য ঘাটতি ভাড়ার মধ্যে পার্থক্যগুলো নির্ণয় করতে পারবেন।

## ঘাটতি উৎপাদন ভাড়া ও পুনরুদ্ধার অযোগ্য ঘাটতি উৎপাদন ভাড়ার মধ্যে পার্থক্য
**Difference between shortworkings and irrecoverable shortworkings**

ন্যূনতম স্বত্বভাড়া হতে কম উৎপাদনের কারণে যে কম ভাড়া সৃষ্টি হয় তাকে ঘাটতি উৎপাদন ভাড়া (Shortworkings) বলে। অপরপক্ষে, নির্ধারিত সময়ের মধ্যে চুক্তি মোতাবেক ঘাটতি ভাড়ার যে পরিমাণ অংশ পুনরুদ্ধার করা যায় না ঐ অংশকে পুনরুদ্ধার অযোগ্য ঘাটতি উৎপাদন ভাড়া (Shortworkings Lapse) বলে। নিম্নে ঘাটতি উৎপাদন ভাড়া ও পুনরুদ্ধার অযোগ্য ঘাটতি উৎপাদন ভাড়ার মধ্যে পার্থক্যসমূহ উল্লেখ করা হলোঃ

| পার্থক্যের ভিত্তি | ঘাটতি উৎপাদন ভাড়া | পুনরুদ্ধার অযোগ্য ঘাটতি উৎপাদন ভাড়া |
|---|---|---|
| ১. সংজ্ঞা | ন্যূনতম ভাড়া ও প্রকৃত স্বত্ব ভাড়ার মধ্যে পার্থক্যই হলো ঘাটতি উৎপাদন ভাড়া, যেক্ষেত্রে প্রকৃত ভাড়া কম হয়। | ঘাটতি ভাড়ার যে পরিমাণ অংশ পুনরুদ্ধার করা যায় না ঐ অংশকে পুনরুদ্ধার অযোগ্য ঘাটতি উৎপাদন ভাড়া বলে। |
| ২. সময়সীমা | ঘাটতি উৎপাদন ভাড়া পুনরুদ্ধারের জন্য চুক্তিপত্রে একটি নির্দিষ্ট সময় থাকে। | চুক্তিপত্রের নির্ধারিত সময়ের পর এ ক্ষতি পুনরুদ্ধার যোগ্য নয়। |
| ৩. উদ্বৃত্ত | ঘাটতি উৎপাদন ভাড়া হিসাবে নির্দিষ্ট তারিখ শেষে একটি উদ্বৃত্ত থাকতে পারে। | নির্ধারিত সময়ের পর তামাদি অংশটুকু লাভ-ক্ষতি হিসাবে স্থানান্তরিত করে হিসাব সমাপ্ত করা হয় যার ফলে এটির কোনো উদ্বৃত্ত থাকে না। |
| ৪. প্রত্যাশা | এটি আদায়ের আশা প্রত্যাশা থাকে। | এটি সম্পূর্ণরূপে তামাদি হয়ে যায়, ফলে এটি আদায়ের আশা প্রত্যাশা থাকে না। |
| ৫. জাবেদাকরণ | এটির জন্য জাবেদা এন্ট্রি হবে নিম্নরূপ :<br>ঘাটতি উৎপাদন ভাড়া হিসাব ডেঃ<br>স্বত্বভাড়া প্রদানকারীর হিসাব ক্রেঃ | এটির জন্য জাবেদা এন্ট্রি হবে নিম্নরূপ :<br>লাভ-লোকসান হিসাব ডেঃ<br>ঘাটতি উৎপাদন ভাড়া হিসাব ক্রেঃ |

**সারসংক্ষেপ :**

ন্যূনতম ভাড়া ও প্রকৃত স্বত্বভাড়ার (যদি এটি কম হয়) মধ্যে পার্থক্যই হলো ঘাটতি উৎপাদন ভাড়া, অপরপক্ষে ন্যূনতমভাড়ার যে অংশটুকু উদ্ধার করা সম্ভব হয়না সেটুকু হলো পুনরুদ্ধার অযোগ্য ঘাটতি উৎপাদন ভাড়া।

# পাঠ-৪.৩ স্বত্ব ভাড়া সংক্রান্ত হিসাব লিখন পদ্ধতি
## Recording Process relating to Royalty

**উদ্দেশ্য**

**এ পাঠ শেষে আপনি-**

- স্বত্বভাড়া কার্যক্রমের লেনদেনগুলো কীভাবে স্বত্ব গ্রহীতার ও স্বত্ব প্রদানকারীর বইতে হিসাবভূক্ত করা হয় তা ব্যাখা করতে পারবেন।

## স্বত্ব ভাড়া সংক্রান্ত হিসাব লিখন পদ্ধতি
### Recording process relating to royalty

**ক) স্বত্ব গ্রহীতার বইতে (In the Books of Lessee):** স্বত্ব গ্রহীতার বইতে স্বত্বভাড়া সংক্রান্ত লেনদেন নিম্নোক্ত দুই পদ্ধতিতে লেখা যেতে পারে :

প্রথম পদ্ধতিতে ন্যূনতম খাজনা হিসাব না খুলে :

১. ঘাটতি উৎপাদন খাজনা না থাকলে :

i) স্বত্বভাড়া হিসাব (Royalty A/c) --------------------------------------------------------------------ডেঃ
   স্বত্ব প্রদানকারীর হিসাব (Landlord A/c) ---------------------------------------------------------ক্রেঃ
(স্বত্ব প্রদানকারীকে প্রদেয় স্বত্ব ভাড়ার জন্য)

ii) স্বত্ব প্রদানকারীর হিসাব (Landlord A/c) ---------------------------------------------------------ডেঃ
   নগদান/ব্যাংক হিসাব (Cash/Bank A/c) -------------------------------------------------------------ক্রেঃ
(স্বত্ব ভাড়া প্রদান করলে)

iii) উৎপাদন হিঃ/ক্রয়-বিক্রয় হিঃ/লাভ-ক্ষতি হিঃ (Income Statement A/c) -------------------------------ডেঃ
   স্বত্ব ভাড়া হিসাব (Royalty A/c) -----------------------------------------------------------------ক্রেঃ
(বৎসরের শেষে স্বত্বভাড়াকে লাভ-লোকসান হিসাবে স্থানান্তর করার জন্য)

নোট ঃ স্বত্বভাড়ার পরিমাণ উৎপাদনের উপর নির্ণয় করা হলে স্বত্বভাড়া উৎপাদন হিসাবে বা ক্রয়-বিক্রয় হিসাবে ডেবিট করতে হবে। কিন্তু বিক্রয়ের উপর নির্ণয় করলে তা লাভ-ক্ষতি হিসাবে ডেবিট করতে হবে। কিন্তু ক্রয় বা বিক্রয় সংক্রান্ত তথ্য দেওয়া না থাকলে লাভ-ক্ষতি হিসাবে ডেবিট করাই শ্রেয়।

২. ঘাটতি উৎপাদন খাজনা থাকলে :

i) স্বত্বভাড়া হিসাব (Royalty A/c) (প্রকৃত স্বত্বভাড়ার পরিমাণ দিয়ে) -------------------------------------ডেঃ
   ঘাটতি উৎপাদন খাজনা হিসাব (Shortworking A/c) (ঘাটতি খাজনার পরিমাণ দিয়ে) ---------------------ডেঃ
   স্বত্বভাড়া প্রদানকারীর হিসাব (Landlord A/c) (ন্যূনতম খাজনার পরিমাণ দিয়ে) ---------------------ক্রেঃ
(স্বত্ব প্রদানকারীকে প্রদেয় স্বত্বভাড়ার জন্য)

ii) স্বত্ব প্রদানকারীর হিসাব (Landlord A/c) ---------------------------------------------------------ডেঃ
   নগদান/ ব্যাংক হিসাব (Cash/Bank A/c) -----------------------------------------------------------ক্রেঃ
   (স্বত্বভাড়া প্রদান করলে)

iii) উৎপাদন হিঃ/ক্রয়-বিক্রয় হিঃ/লাভ-ক্ষতি হিঃ (Income Statement A/c) -------------------------------ডেঃ
   স্বত্বভাড়া হিসাব (Royalty A/c) ------------------------------------------------------------------ক্রেঃ
(বৎসরের শেষে স্বত্বভাড়াকে লাভ-লোকসান হিসাবে স্থানান্তর করার জন্য)

নোট : স্বত্বভাড়ার পরিমাণ উৎপাদনের উপর নির্ণয় করা হলে স্বত্বভাড়া উৎপাদন হিসাবে বা ক্রয় বিক্রয় হিসাবে ডেবিট করতে হবে। কিন্তু বিক্রয়ের উপর নির্ণয় করলে তা লাভ-ক্ষতি হিসাবে ডেবিট করতে হবে। তবে ক্রয়-বিক্রয় সংক্রান্ত তথ্য উল্লেখ না থাকলে লাভ-ক্ষতি হিসাবে দেয়াই শ্রেয়।

৩. ঘাটতি উৎপাদন খাজনা প্রকৃত স্বত্ব ভাড়া হতে আদায় করা হলে :

i) স্বত্বভাড়া হিসাব (Roalty A/c) (প্রকৃত স্বত্ব ভাড়ার পরিমাণ দিয়ে)---------------------------------------ডেঃ
স্বত্ব প্রদানকারীর হিসাব (Landord A/c)------------------------------------------------------------ক্রেঃ
(স্বত্ব প্রদানকারীকে প্রদেয় স্বত্ব ভাড়ার জন্য)

ii) স্বত্ব প্রদানকারীর হিসাব (Landord A/c) (প্রকৃত স্বত্বভাড়ার পরিমাণ দিয়ে) -------------------------------ডেঃ
ঘাটতি উৎপাদন খাজনা হিসাব (Shortworking A/c) (ঘাটতির পরিমাণ দিয়ে) ------------------------ক্রেঃ
নগদান / ব্যাংক হিসাব (Cash/Bank A/c) (পরিশোধের পরিমাণ দিয়ে) ----------------------------------ক্রেঃ
(স্বত্বভাড়া প্রদান করলে)

iii) উৎপাদন হিঃ/ক্রয়-বিক্রয় হিঃ/লাভ-ক্ষতি হিঃ (Income Statement A/c) -------------------------------ডেঃ
স্বত্বভাড়া হিসাব (Royalty A/c) ----------------------------------------------------------------ক্রেঃ
(বৎসরের শেষে স্বত্বভাড়াকে লাভ-লোকসান হিসাবে স্থানান্তর করার জন্য)

iv) লাভ-ক্ষতি হিসাব (Income Summary) -------------------------------------------------------------ডেঃ
ঘাটতি উৎপাদন খাজনা হিসাব (Short working A/c) (অনাদীয়া ঘাটতির পরিমাণ দিয়ে) --------------ক্রেঃ
নোট : ঘাটতি উৎপাদন খাজনা আদায়কালীন সময় শেষে যদি ঘাটতি খাতে কোনো ব্যালেন্স থাকে তা হলে ঐ ব্যালেন্সকে লাভ-ক্ষতি হিসাবে স্থানান্তর করতে হবে।

দ্বিতীয় পদ্ধতি- ন্যূনতম খাজনা হিসাব খুলে :

১. ঘাটতি উৎপাদন খাজনা না থাকলে :

প্রথম পদ্ধতির ১ নং জাবেদা এন্ট্রিগুলোর অনুরূপ হবে।

২. ঘাটতি উৎপাদন খাজনা থাকলে :

i) ন্যূনতম খাজনা হিসাব (Minimum Rent A/c)-------------------------------------------------------ডেঃ
স্বত্ব প্রদানকারীর হিসাব (Landlord A/c)------------------------------------------------------ক্রেঃ
(স্বত্ব প্রদানকারীকে প্রদেয় স্বত্বভাড়ার জন্য)

ii) স্বত্বভাড়া হিসাব (Royalty A/c) (স্বত্বভাড়ার প্রকৃত পরিমাণ দিয়ে) ----------------------------------ডেঃ
ঘাটতি উৎপাদন হিসাব (Shortworking A/c) (ঘাটতির পরিমাণ দিয়ে) --------------------------------ডেঃ
নূনতম খাজনা হিসাব (Minimum A/c) (ন্যূনতম খাজনার অঙ্ক দিয়ে) -------------------------- ক্রেঃ
(ন্যূনতম খাজনা হিসাবকে স্বত্বভাড়া হিসাব এবং ঘাটতি উৎপাদন খাজনা হিসাবে স্থানান্তর করার জন্য)

iii) স্বত্ব প্রদানকারীর হিসাব (Landlord A/c) ---------------------------------------------------------ডেঃ
নগদান / ব্যাংক হিসাব (Cash/Bank A/c) -----------------------------------------------------ক্রেঃ
(ন্যূনতম খাজনা পরিশোধ করার জন্যে)

iv) উৎপাদন হিঃ/ক্রয়-বিক্রয় হিঃ/লাভ-ক্ষতি হিঃ (Income Statement A/c)--------------------------------ডেঃ
স্বত্বভাড়া হিসাব (Royalty A/c) ----------------------------------------------------------------ক্রেঃ
(বৎসরের শেষে স্বত্বভাড়াকে লাভ-লোকসান হিসাবে স্থানান্তর করার জন্য)

নোট : i) ঘাটতি উৎপাদন খাজনা যে সকল ক্ষেত্রে শর্তযুক্ত থাকে এবং প্রকৃত স্বত্বভাড়া ন্যূনতম খাজনার পরিমাণ হতে বেশি হয় সে সমস্ত ক্ষেত্রে লিখন পদ্ধতি প্রথম পদ্ধতির অনুরূপ হবে।

ii) মনে রাখতে হবে যে আদায়যোগ্য ঘাটতি উৎপাদন খাজনার ব্যালেন্স স্থিতিপত্রে সম্পত্তি হিসাবে দেখাতে হবে। অনাদায়ি ঘাটতি উৎপাদন খাজনার ব্যালেন্স লাভ-ক্ষতি হিসাবে স্থানান্তর করতে হবে।

খ) স্বত্ব প্রদানকারীর বইতে (In the Books of Owner) : স্বত্ব প্রদানকারীর বইতে স্বত্বভাড়া সংক্রান্ত লেনদেনগুলো নিম্নলিখিত ভাবে লেখা হয় :

১. স্বত্বভাড়ার পরিমাণ ও ন্যূনতম খাজনার পরিমাণ সমান হলে :

i) স্বত্ব গ্রহণকারীর হিসাব (Lessee A/c) ---------------------------------------------------------ডেঃ
প্রাপ্য স্বত্ব ভাড়া হিসাব (Royalty Receivable)---------------------------------------------------ক্রেঃ
(প্রাপ্য স্বত্বভাড়া দিয়ে)

ii) নগদান / ব্যাংক হিসাব (Cash/Bank A/c) ------------------------------------------------------------ডেঃ
স্বত্ব গ্রহণকারীর হিসাব (Lessee A/c)----------------------------------------------------------------ক্রেঃ
(স্বত্বভাড়া পাওয়ার জন্য)

iii) প্রাপ্য স্বত্ব ভাড়া হিসাব (Royalty Receivable) ----------------------------------------------------ডেঃ
লাভ-ক্ষতি হিসাব (Income Summary) ------------------------------------------------------------ক্রেঃ
(মোট প্রকৃত স্বত্ব ভাড়া দিয়ে, Royalty হিসাব বন্ধ করার জন্য)

২. স্বত্ব ভাড়ার পরিমাণ ন্যূনতম উৎপাদন খাজনার চাইতে কম হলে :

i) স্বত্ব গ্রহণকারীর হিসাব (Lessee A/c) (ন্যূনতম খাজনার পরিমাণ দিয়ে) -----------------------------------ডেঃ
প্রাপ্য স্বত্ব ভাড়া হিসাব (Royalty Receivable) (প্রাপ্য প্রকৃত স্বত্বভাড়া দিয়ে) -----------------------ক্রেঃ
ঘাটতি উৎপাদন খাজনা অনিশ্চিত হিসাব (Shortworking Suspense A/c) (ঘাটতির পরিমাণ দিয়ে) ----ক্রেঃ
(প্রাপ্য স্বত্বভাড়ার জন্য)

ii) নগদান / ব্যাংক হিসাব (Cash/Bank A/c) (ন্যূনতম খাজনার পরিমাণ দিয়ে) --------------------------- ডেঃ
স্বত্ব গ্রহণকারীর হিসাব (Lessee A/c) -------------------------------------------------------------ক্রেঃ
(স্বত্ব পাওয়ার জন্য)

iii) প্রাপ্য স্বত্বভাড়া হিসাব (Royalty Receivable A/c) (স্বত্বভাড়ার পরিমাণ দ্বারা) -----------------------ডেঃ
লাভ-ক্ষতি হিসাব (Income Summary) ---------------------------------------------------------ক্রেঃ
(বৎসরের শেষে স্বত্ব ভাড়া প্রাপ্য হিসাবকে লাভ-ক্ষতি হিসাবে স্থানান্তরিত করলে)

৩. ন্যূনতম খাজনার পরিমাণ প্রকৃত স্বত্ব ভাড়ার পরিমাণ হতে কম হলে এবং চুক্তির শর্ত মোতাবেক স্বত্ব প্রদানকারীকে ঘাটতি উৎপাদন খাজনা প্রত্যর্পণ করতে হলে :

i) স্বত্ব গ্রহণকারীর হিসাব (Lessee A/c) ---------------------------------------------------------------ডেঃ
প্রাপ্য স্বত্বভাড়া হিসাব (Royalty Receivable A/c) ----------------------------------------------ক্রেঃ
(প্রাপ্য স্বত্বভাড়ার পরিমাণ দিয়ে)

ii) ঘাটতি উৎপাদন খাজনা অনিশ্চিত হিসাব (Shortworking Suspense A/c) ----------------------------ডেঃ
স্বত্ব গ্রহণকারীর হিসাব (Lessee A/c) -------------------------------------------------------------ক্রেঃ
(ঘাটতি প্রত্যর্পনের জন্য)

iii) নগদান / ব্যাংক হিসাব (Cash/Bank A/c) ---------------------------------------------------------ডেঃ
স্বত্ব গ্রহণকারীর হিসাব (Lessee A/c) -----------------------------------------------------------ক্রেঃ
(স্বত্বভাড়া পাওয়া গেলে)

iv) স্বত্ব ভাড়া প্যাপ্য হিসাব (Royalty Receivable A/c) (প্রাপ্য স্বত্বভাড়ার পরিমাণ দিয়ে) -----------------ডেঃ
লাভ-ক্ষতি হিসাব (Income Summary) ----------------------------------------------------ক্রেঃ
(বৎসরের শেষে প্রাপ্য স্বত্বভাড়া হিসাবকে লাভ-ক্ষতি হিসাব স্থানান্তার করা হলে)

v) ঘাটতি উৎপাদন খাজনা অনিশ্চিত হিঃ (Shortworking Suspense A/c) (যে পরিমাণ ঘাটতি ফেরত দিতে হয় না)------ডেঃ
লাভ-ক্ষতি হিসাব (Income Summary) ---------------------------------------------------------ক্রেঃ
ঘাটতি উৎপাদন খাজনা অনিশ্চিত হিসাবের কোনো ব্যালেন্স থাকলে তাকে স্থিতিপত্রে দায়ের দিকে দেখাতে হবে কিন্তু সময় শেষ হয়ে গেলে ঐ ব্যালেন্সকে লাভ-ক্ষতি হিসাব স্থানান্তর করতে হবে।

**সারসংক্ষেপ :**

স্বত্বভাড়া সংক্রান্ত হিসাব লিখনের ক্ষেত্রে আমরা দুইটি পদ্ধতি অনুসরণ করতে পারি। একটি হলো ন্যূনতম ভাড়া হিসাব ব্যবহার করে, অন্যটি হলো ন্যূনতম ভাড়া হিসাব ব্যবহার না করে।

# পাঠ-৪.৪ গাণিতিক সমস্যাবলি ও সমাধান
## Mathematical Problems and Solutions

**উদ্দেশ্য**

**এ পাঠ শেষে আপনি-**

- স্বত্বভাড়া হিসাবের বিভিন্ন ধরনের গাণিতিক সমস্যাবলি সমাধান করতে পারবেন।

## গাণিতিক সমস্যাবলি ও সমাধান
## Mathematical problems and solutions

**উদাহরণ ০১ :** ২০১৪ সালের ১ জানুয়ারি,তারিখে আবিদ লিঃ পাঁচ বৎসরের জন্য বেলাল লিঃ এর নিকট হতে একটি খনির লিজ নিয়েছিল। শর্তনুসারে ইজারাদারকে টন প্রতি স্বত্বভাড়া বাবত ১ টাকা করে প্রদান করতে হবে। বৎসরে ন্যূনতম খাজনার পরিমাণ হবে ৩,০০০ টাকা। স্বত্বগ্রহীতা লিজ শুরুর চার বৎসরের মধ্যে ঘাটতি উৎপাদন সংক্রান্ত ভাড়া পুনরুদ্ধার করতে পারবে। ইজারার শুরু হতে উৎপাদনের পরিমাণ ছিল : ২০১৪ সালে ২,৮০০ টন; ২০১৫ সালে ৩,০০০ টন; ২০১৬ সালে ৩,৫০০ টন; ২০১৭ সালে ৪,০০০ টন ও ২০১৮ সালে ৫,০০০ টন।

করণীয় : ন্যূনতম খাজনা হিসাব না খুলে আবিদ লিঃ এর বইতে প্রয়োজনীয় জাবেদা ও খতিয়ান লিজকরুন।

**সমাধান ঃ**

**উত্তোলন ও ভাড়া প্রদানের তালিকা**

| তারিখ বা বৎসর | উত্তোলনের পরিমাণ (টন) | স্বত্বভাড়া (টাকা) | ন্যূনতম বার্ষিক স্বত্বভাড়া (টাকা) | ঘাটতি উৎপাদন সংক্রান্ত ভাড়া (টাকা) | ঘাটতি উৎপাদন ভাড়া উশুল (টাকা) | ইজারাদারকে প্রদান (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ২০১৪ | ২,৮০০ | ২,৮০০ | ৩,০০০ | ২০০ | - | ৩,০০০ |
| ২০১৫ | ৩,০০০ | ৩,০০০ | ৩,০০০ | - | - | ৩,০০০ |
| ২০১৬ | ৩,৫০০ | ৩,৫০০ | ৩,০০০ | - | ২০০ | ৩,৩০০ |
| ২০১৭ | ৪,০০০ | ৪,০০০ | ৩,০০০ | - | - | ৪,০০০ |
| ২০১৮ | ৫,০০০ | ৫,০০০ | ৩,০০০ | - | - | ৫,০০০ |

**টীকা :**
১. ২০১৬ সনে ভাড়াস্বত্ব ৩,৫০০ টাকা হতে ২০১৪ সনের ঘাটতি ২০০ টাকা বাদ দিয়ে বাকি (৩,৫০০-২০০) ৩,৩০০ টাকা ইজারাদারকে প্রদান করা হয়।
২. ন্যূনতম বার্ষিক স্বত্বভাড়া বা প্রদেয় ভাড়ার মধ্যে যেটি বড় তাই ইজারাদারকে প্রদান করতে হবে।

**ন্যূনতম খাজনা হিসাব না খুলে :**

**আবিদ লিঃ এর বইতে জাবেদা এন্ট্রি**

| | | খঃ পৃঃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| তারিখ<br>২০১৪ | স্বত্বভাড়া হিসাব ডেঃ<br>ঘাটতি উৎপাদন ভাড়া হিসাব ডেঃ<br>বেলাল লিঃ এর হিসাব ক্রেঃ<br>(ঘাটতি সহকারে ২,৮০০ টনের প্রদেয় স্বত্বভাড়ার জন্য) | | ২,৮০০<br>২০০ | <br><br>৩,০০০ |
| | বেলাল লিঃ এর হিসাব ডেঃ<br>ব্যাংক/নগদার হিসাব ক্রেঃ<br>(ইজারাদরকে নগদে প্রদান করা হলো) | | ৩,০০০ | <br>৩,০০০ |

| | | খঃ পৃঃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| | ক্রয়-বিক্রয় হিসাব ডেঃ<br>স্বত্বভাড়া হিসাব ক্রেঃ<br>(স্বত্বভাড়া ক্রয়-বিক্রয় হিসাবে স্থানান্তর করা হলো) | | ২,৮০০ | ২,৮০০ |
| ২০১৫ | স্বত্বভাড়া হিসাব ডেঃ<br>বেলাল লিঃ এর হিসাব ক্রেঃ<br>(৩,০০০ টনের প্রদেয় স্বত্বভাড়ার জন্য) | | ৩,০০০ | ৩,০০০ |
| | বেলাল লিঃ এর হিসাব ডেঃ<br>ব্যাংক/নগদান হিসাব ক্রেঃ<br>(ইজারাদারকে প্রদান করা হলো) | | ৩,০০০ | ৩,০০০ |
| | ক্রয়-বিক্রয় হিসাব ডেঃ<br>স্বত্বভাড়া হিসাব ক্রেঃ<br>(স্বত্বভাড়া ক্রয়-বিক্রয় হিসাবে স্থানান্তরিক করা হলো) | | ৩,০০০ | ৩,০০০ |
| ২০১৬ | স্বত্বভাড়া হিসাব ডেঃ<br>বেলাল লিঃ এর হিসাব ক্রেঃ<br>(৩,৫০০ টনের প্রদেয় ভাড়ার জন্য) | | ৩,৫০০ | ৩,৫০০ |
| | বেলাল লিঃ এর হিসাব ডেঃ<br>নগদান হিসাব ক্রেঃ<br>(ইজারাদারকে ঘাট্‌তি উশুলের পর পরিশোধ করা হলো) | | ৩,৩০০ | ৩,৩০০ |
| | বেলাল লিঃ এর হিসাব ডেঃ<br>ঘাট্‌তি উৎপাদন ভাড়া হিসাব ক্রেঃ<br>(ঘাটতি উশুলের জন্যে) | | ২০০ | ২০০ |
| | ক্রয়-বিক্রয় হিসাব ডেঃ<br>স্বত্বভাড়া হিসাব ক্রেঃ<br>(স্বত্বভাড়া ক্রয়-বিক্রয় হিসাবে স্থানান্তর করা হলো) | | ৩,৫০০ | ৩,৫০০ |
| ২০১৭ | স্বত্বভাড়া হিসাব ডেঃ<br>বেলাল লিঃ এর হিসাব ক্রেঃ<br>(৪,০০০ টনের প্রদেয় ভাড়ার জন্যে) | | ৪,০০০ | ৪,০০০ |
| | বেলাল লিঃ এর হিসাব ডেঃ<br>ব্যাংক/নগদান হিসাব ক্রেঃ<br>(ইজারাদারকে পরিশোধ করা হলো) | | ৪,০০০ | ৪,০০০ |
| | ক্রয়-বিক্রয় হিসাব ডেঃ<br>স্বত্বভাড়া হিসাব ক্রেঃ<br>(স্বত্বভাড়া ক্রয়-বিক্রয় হিসাবে স্থানান্তর করা হলো) | | ৪,০০০ | ৪,০০০ |
| ২০১৮ | স্বত্বভাড়া হিসাব ডেঃ<br>বেলাল লিঃ এর হিসাব ক্রেঃ<br>(৫,০০০ টনের প্রদেয় ভাড়ার জন্যে) | | ৫,০০০ | ৫,০০০ |
| | বেলাল লিঃ এর হিসাব ডেঃ<br>ব্যাংক/নগদান হিসাব ক্রেঃ<br>(ইজারাদারকে পরিশোধ করা হলো) | | ৫,০০০ | ৫,০০০ |
| | ক্রয়-বিক্রয় হিসাব ডেঃ<br>স্বত্বভাড়া হিসাব ক্রেঃ<br>(স্বত্বভাড়া ক্রয়-বিক্রয় হিসাবে স্থানান্তর করা হলো) | | ৫,০০০ | ৫,০০০ |

## আবিদ লিঃ এর বহিতে খতিয়ানসমূহ

ডেঃ স্বত্বভাড়া ক্রেঃ

| তাং | হিসাবের নাম | জাঃপৃ | টাকা | তাং | হিসাবের নাম | জাঃপৃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৪ | বেলাল লিঃ এর হিঃ | | ২,৮০০ | ২০১৪ | ক্রয়-বিক্রয় হিসাব | | ২,৮০০ |
| ২০১৫ | বেলাল লিঃ এর হিঃ | | ৩,০০০ | ২০১৫ | ক্রয়-বিক্রয় হিসাব | | ৩,০০০ |
| ২০১৬ | বেলাল লিঃ এর হিঃ | | ৩,৫০০ | ২০১৬ | ক্রয়-বিক্রয় হিসাব | | ৩,৫০০ |
| ২০১৭ | বেলাল লিঃ এর হিঃ | | ৪,০০০ | ২০১৭ | ক্রয়-বিক্রয় হিসাব | | ৪,০০০ |
| ২০১৮ | বেলাল লিঃ এর হিঃ | | ৫,০০০ | ২০১৮ | ক্রয়-বিক্রয় হিসাব | | ৫,০০০ |

## বেলাল লিঃ এর হিসাব

| তাং | হিসাবের নাম | জাঃপৃ | টাকা | তাং | হিসাবের নাম | জাঃপৃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৪ | নগদান হিসাব | | ৩,০০০ | ২০১৪ | স্বত্বভাড়া হিসাব | | ২,৮০০ |
| | | | - | | ঘাট্তি উৎপাদন | | ২০০ |
| | | | ৩,০০০ | | | | ৩,০০০ |
| ২০১৫ | নগদান হিসাব | | ৩,০০০ | ২০১৫ | স্বত্বভাড়া হিঃ | | ৩,০০০ |
| ২০১৬ | নগদান হিসাব | | ৩,৩০০ | ২০১৬ | স্বত্বভাড়া হিসাব | | ৩,৫০০ |
| | ঘাটতি উৎপাদন ভাড়া | | ২০০ | | | | |
| | | | ৩,৫০০ | | | | ৩,৫০০ |
| ২০১৭ | নগদান হিসাব | | ৪,০০০ | ২০১৭ | স্বত্বভাড়া হিসাব | | ৪,০০০ |
| ২০১৮ | নগদান হিসাব | | ৫,০০০ | ২০১৮ | স্বত্বভাড়া হিসাব | | ৫,০০০ |

ডেঃ **ঘাটতি উৎপাদন ভাড়া** ক্রেঃ

| তাং | | জাঃপৃ | টাকা | তাং | | জাঃপৃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৪ | বেলাল লিঃ এর হিঃ | | ২০০ | ২০১৪ | জের নীত হলো | | ২০০ |
| ২০১৫ | জের আনীত হলো | | ২০০ | ২০১৫ | জের নীত হলো | | ২০০ |
| ২০১৬ | জের আনীত হলো | | ২০০ | ২০১৬ | বেলাল লিঃ এর হিঃ | | ২০০ |

ডেঃ **ক্রয়-বিক্রয় হিসাব** ক্রেঃ

| তাং | | জাঃপৃঃ | টাকা | তাং | | জাঃপৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৪ | স্বত্বভাড়া হিসাব | | ২,৮০০ | | | | |
| ২০১৫ | স্বত্বভাড়া হিসাব | | ৩,০০০ | | | | |
| ২০১৬ | স্বত্বভাড়া হিসাব | | ৩,৫০০ | | | | |
| ২০১৭ | স্বত্বভাড়া হিসাব | | ৪,০০০ | | | | |
| ২০১৮ | স্বত্বভাড়া হিসাব | | ৫,০০০ | | | | |

**Example 2:** Krishno Company took lease coal mine for a period of 10 years from 1st January, 2013 on a royalty of Tk. 5 per ton of coal raised with a "Minimum Rent" of Tk. 50,000 a year with a power to recoup shortworkings during the first three years of the lease. Annual outputs of coal for the first 6 years were as follows:

| Year | Raised (Tons) |
|---|---|
| 2013 | 5,000 |
| 2014 | 7,000 |
| 2015 | 8,000 |
| 2016 | 9,000 |
| 2017 | 11,000 |
| 2018 | 12,000 |

**Required :** Show the royalty analysis statement and give the journal entries for the year 2013 and 2014 in the book of Krishno Company.

**Solution:**

**Royalty Analysis Statement**

| Year | Output ton | Royalty @ Tk. 5 per ton (Tk.) | Minimum Rent (Tk.) | Payment (Tk.) | Shortworkings | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | Suffered (Tk.) | Recouped (Tk.) | Lapsed (Tk.) | Carried forward (Tk.) |
| 2013 | 5,000 | 25,000 | 50,000 | 50,000 | 25,000 | - | - | 25,000 |
| 2014 | 7,000 | 35,000 | 50,000 | 50,000 | 15,000 | - | - | 40,000 |

**Journal entries in the book of Krishno Company**

| Date | Account titles and explanation | Ref. | Debit (Tk.) | Credit (Tk.) |
|---|---|---|---|---|
| 2013 Dec. 31 | Royalty A/C | | 25,000 | |
| | Shortworking A/C | | 25,000 | |
| | Landlord A/C | | | 50,000 |
| | (To record royalty expenses and shortworkings which are payable to landlord) | | | |
| " | Landlord A/C | | 50,000 | |
| | Cash A/C | | | 50,000 |
| | (To transfer royalty expenses to income summary) | | | |
| " | Income summary/Profit & loss A/C | | 25,000 | |
| | Royalty A/C | | | 25,000 |
| | (To record royalty expenses and shortworkings which are payable to landlord) | | | |
| 2014 Dec. 31 | Royalty A/C | | 35,000 | |
| | Shortworkings A/C | | 15,000 | |
| | Landlord A/C | | | 50,000 |
| | (To record royalty A/C and shortworkings which are payable to landlord) | | | |
| " | Landlord A/C | | 50,000 | |
| | Cash A/C | | | 50,000 |
| | (To record payment to the landlord) | | | |
| " | Income summary/Profit and loss A/C | | 35,000 | |
| | Royalty expenses | | | 35,000 |
| | (To transfer royalty A/C to income summary/Profit and loss A/C) | | | |

**Example 3 :** Sharif Coal Company Ltd. took lease of a mine. As per agreement, royalty for per ton coal raised is Tk. 0.50. The minimum rent of Tk. 40,000 with power to recoup of shortworkings during the first three years of lease. The outputs for the first three years were as under:

| Year | Raised (Tons) |
|---|---|
| 1 | 20,000 |
| 2 | 40,000 |
| 3 | 90,000 |

**Required :** Show the royalty analysis statement and give the necessary journal entries in the book of Sharif Coal Company Ltd. for the year 1, 2 and 3.

**Solution:**

**Royalty Analysis Statement**

| Year | Output (ton) | Royalty @ Tk. 0.50 per ton (Tk.) | Minimum Rent (Tk.) | Payment (Tk.) | Shortworkings | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | Suffered (Tk.) | Recouped (Tk.) | Lapsed (Tk.) | Carried forward (Tk.) |
| 1 | 20,000 | 10,000 | 40,000 | 40,000 | 30,000 | - | - | 30,000 |
| 2 | 40,000 | 20,000 | 40,000 | 40,000 | 20,000 | - | - | 50,000 |
| 3 | 90,000 | 45,000 | 40,000 | 40,000 | - | 5,000 | 45,000 | - |

**Journal entries in the book of Sharif Coal Company Ltd.**

| Date | Title of accounts and explanation | Ref. | Debit (Tk.) | Credit (Tk.) |
|---|---|---|---|---|
| Year-1 | Royalty A/C | | 10,000 | |
| | Shortworking A/C | | 30,000 | |
| | Landlord A/C | | | 40,000 |
| | (To record royalty expenses and shortworkings amount payable to landlord) | | | |
| " | Landlord A/C | | 40,000 | |
| | Cash A/C | | | 40,000 |
| | (To record payment to the landlord) | | | |
| " | Income summary/Profit and loss A/C | | 10,000 | |
| | Royalty A/C | | | 10,000 |
| | (To transfer royalty expenses to income summary/ PL A/C) | | | |
| Year-2 | Royalty A/C | | 20,000 | |
| | Shortworkings A/C | | 20,000 | |
| | Landlord A/C | | | 40,000 |
| | (To record royalty expenses and shortworkings payable to landlord) | | | |
| " | Landlord A/C | | 40,000 | |
| | Cash | | | 40,000 |
| | (To record payment to landlord) | | | |
| " | Income summary/ PL A/C | | 20,000 | |
| | Royalty expenses | | | 20,000 |
| | (To transfer royalty expenses to income summary/ PL A/C) | | | |

| Date | Title of accounts and explanation | Ref. | Debit (Tk.) | Credit (Tk.) |
|---|---|---|---|---|
| Year-3 | Royalty A/C<br>Landlord A/C<br>(To record royalty expenses and shortworkings recoupment) | | 45,000 | <br>45,000 |
| " | Landlord A/C<br>Cash A/C<br>(To record payment to landlord) | | 40,000 | <br>40,000 |
| | Landlord A/C<br>Shortworkings A/C<br>(To recoup shortworkings from to landlord) | | 5000 | <br>5000 |
| " | Income summary<br>Royalty expenses<br>(To transfer royalty expenses to income summary/PL A/C) | | 45,000 | <br>45,000 |
| " | Income summary<br>Shortworkings A/C<br>(To transfer of lapsed shortworkings to income summary) | | 45,000 | <br>45,000 |

**উদাহরণ ০৪ :** 'কমার্স' লিমিডেট, মেসার্স ফরহাদ ব্রাদার্সের নিকট হতে ১০ বৎসরের জন্য একটি কয়লা খনি ইজারা নিল। প্রতি টন উত্তোলিত কয়লার জন্য স্বত্বভাড়ার পরিমাণ ১ টাকা এবং বাৎসরিক ন্যূনতম খাজনার পরিমাণ ৪,৫০০ টাকা। 'কমার্স' লিমিটেড ঘাটতি উৎপাদন ভাড়া পরবর্তী তিন বৎসরের মধ্যে পুনরুদ্ধার করতে পারবে। একই বৎসর 'কমার্স' লিমিটেড খনির কিছু অংশ 'খুশি' লিমিটেডের নিকট টন প্রতি ২ টাকা উপস্বত্বভাড়া হিসাবে প্রদান করে এবং ন্যূনতম খাজনার পরিমাণ প্রতি টন ২,৫০০ টাকা। কোনো বৎসরের ঘাটতি খাজনা পরবর্তী দুই বৎসরের মধ্যে কেটে রাখা যাবে। 'কমার্স' লিমিটেড ও 'খুশি' লিমিটেড এর প্রথম ৫ বৎসরের কয়লার উত্তোলন ছিল নিম্নরূপ :

| বৎসর | 'কমার্স' লিমিটেড | 'খুশি' লিমিটেড |
|---|---|---|
| ২০১৪ | ২,০০০ টন | ৭৫০ টন |
| ২০১৫ | ৩,৫০০ টন | ১,০০০ টন |
| ২০১৬ | ৪,০০০ টন | ১,৫০০ টন |
| ২০১৭ | ৪,২৫০ টন | ২,০০০ টন |
| ২০১৮ | ৪,৫০০ টন | ২,২০০ টন |

করণীয় : 'কমার্স' লিমিটেড এর বইতে প্রথম পাঁচ বৎসরের জন্য জাবেদা তৈরি করুন।

**সমাধান :**

**'কমার্স' লিমিটেড এর বহিতে**
**ফরহাদ ব্রাদার্সকে স্বত্বভাড়া প্রদানের তালিকা**

| বৎসর | মোট উত্তোলনের পরিমাণ (টন) | প্রদেয় স্বত্ব ভাড়া (টাকা) | ন্যূনতম স্বত্ব ভাড়া (টাকা) | ঘাটতি উৎপাদন ভাড়া (টাকা) | ঘাটতি ভাড়া উশুল (টাকা) | অনাদায়ি স্বত্বভাড়া (টাকা) | ইজারাদারকে প্রদান (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৪ | ২,৭৫০ | ২,৭৫০ | ৪,৫০০ | ১,৭৫০ | - | - | ৪,৫০০ |
| ২০১৫ | ৪,৫০০ | ৪,৫০০ | ৪,৫০০ | - | - | - | ৪,৫০০ |
| ২০১৬ | ৫,৫০০ | ৫,৫০০ | ৪,৫০০ | - | ১,০০০ (২০১৪) | - | ৪,৫০০ |
| ২০১৭ | ৬,২৫০ | ৬,২৫০ | ৪,৫০০ | - | ৭৫০ (২০১৪) | - | ৫,৫০০ |
| ২০১৮ | ৬,৭০০ | ৬,৭০০ | ৪,৫০০ | - | - | - | ৬,৭০০ |

টীকা : ২০১৪ সালের ঘাটতি ১,৭৫০ টাকার মধ্যে ২০১৬ সালে ১,০০০ টাকা ও ২০১৭ সালে বাকী ৭৫০ টাকা উশুল করা হয়েছে।

**‘খুশি’ লিমিটেড এর নিকট হতে প্রাপ্য উপস্বত্ব ভাড়ার তালিকা**

| বৎসর | উত্তোলনের পরিমাণ (টন) | প্রাপ্য উপস্বত্ব ভাড়া (টাকা) | ন্যূনতম ভাড়া (টাকা) | ঘাটতি উৎপাদন ভাড়ার অনিশ্চিত হিসাব (টাকা) | ‘খুশি’ লিঃ কর্তৃক ঘাটতি উশুল (টাকা) | ‘খুশি’ লিঃ কর্তৃক ঘাটতি অনাদায়ি (টাকা) | ‘খুশি’ লিঃ এর নিকট হতে প্রাপ্ত ভাড়া (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৪ | ৭৫০ | ১,৫০০ | ২,৫০০ | ১,০০০ | - | - | ২,৫০০ |
| ২০১৫ | ১,০০০ | ২,০০০ | ২,৫০০ | ৫০০ | - | - | ২,৫০০ |
| ২০১৬ | ১,৫০০ | ৩,০০০ | ২,৫০০ | - | ৫০০ (২০১৪) | ৫০০ (২০১৪) | ২,৫০০ |
| ২০১৭ | ২,০০০ | ৪,০০০ | ২,৫০০ | - | ৫০০ (২০১৫) | - | ৩,৫০০ |
| ২০১৮ | ২,২০০ | ৪,৪০০ | ২,৫০০ | - | - | - | ৪,৪০০ |

**প্রয়োজনীয় জাবেদাসমূহ**

| সাল | বিবরণ | | খঃপৃঃ | ডেঃ (টাকা) | ক্রেঃ (টাকা) |
|---|---|---|---|---|---|
| ২০১৪ | প্রদেয় স্বত্বভাড়া হিসাব | ডেঃ | | ২,৭৫০ | |
| | ঘাটতি উৎপাদন ভাড়া হিসাব | ডেঃ | | ১,৭৫০ | |
| | ফরহাদ ব্রাদার্স হিসাব | ক্রেঃ | | | ৪,৫০০ |
| | (২,৭৫০ টনের প্রদেয় স্বত্বভাড়ার জন্য) | | | | |
| | ফরহাদ ব্রাদার্সের হিসাব | ডেঃ | | ৪,৫০০ | |
| | নগদান হিসাব | ক্রেঃ | | | ৪,৫০০ |
| | (স্বত্বভাড়া প্রদান করা হলো) | | | | |
| | ক্রয়-বিক্রয় হিসাব | ডেঃ | | ২,৭৫০ | |
| | প্রদেয় স্বত্বভাড়া হিসাব | ক্রেঃ | | | ২,৭৫০ |
| | (প্রদেয় স্বত্বভাড়াকে ক্রয়-বিক্রয় হিসাবে স্থানান্তর করা হলো) | | | | |
| | ‘খুশি’ লিমিটেড এর হিসাব | ডেঃ | | ২,৫০০ | |
| | প্রাপ্য স্বত্বভাড়া হিসাব | ক্রেঃ | | | ১,৫০০ |
| | ঘাটতি উৎপাদন ভাড়া অনিশ্চিত হিসাব | ক্রেঃ | | | ১,০০০ |
| | (৭৫০ টনের প্রাপ্য স্বত্বভাড়া ও ঘাটতি উৎপাদন ভাড়ার জন্য ‘খুশি’ লিমিটেড এর হিসাবকে ডেবিট করা হলো) | | | | |
| | নগদান হিসাব | ডেঃ | | ২,৫০০ | |
| | ‘খুশি’ লিঃ এর হিসাব | ক্রেঃ | | | ২,৫০০ |
| | (‘খুশি’ লিঃ এর নিকট হতে স্বত্বভাড়া পাওয়া গেল) | | | | |
| | প্রাপ্য স্বত্বভাড়া হিসাব | ডেঃ | | ১,৫০০ | |
| | লাভ-ক্ষতির হিসাব | ক্রেঃ | | | ১,৫০০ |
| | (প্রাপ্য স্বত্বভাড়া লাভ-ক্ষতির হিসাবে স্থানান্তর করা হলো) | | | | |
| ২০১৫ | প্রদেয় স্বত্বভাড়া হিসাব | ডেঃ | | ৪,৫০০ | |
| | ইমরান ব্রাদার্সের হিসাব | ক্রেঃ | | | ৪,৫০০ |
| | (৪,৫০০ টনের প্রদেয় ভাড়ার জন্যে) | | | | |

| সাল | বিবরণ | খঃপৃঃ | ডেঃ (টাকা) | ক্রেঃ (টাকা) |
|---|---|---|---|---|
| | ইমরান ব্রাদার্সের এর হিসাব ডেঃ<br>নগদান হিসাব ক্রেঃ<br>(স্বত্বভাড়া প্রদান করা হলো) | | ৪,৫০০ | <br>৪,৫০০ |
| | ক্রয়-বিক্রয় হিসাব ডেঃ<br>প্রদেয় স্বত্বভাড়া হিসাব ক্রেঃ<br>(স্বত্বভাড়া ক্রয়-বিক্রয় হিসাবে স্থানান্তর করা হলো) | | ৪,৫০০ | <br>৪,৫০০ |
| | 'খুশি' লিমিটেডের হিসাব ডেঃ<br>প্রাপ্য স্বত্বভাড়া হিসাব ক্রেঃ<br>ঘাটতি উৎপাদন ভাড়া অনিশ্চিত হিঃ ক্রেঃ<br>(১,০০০ টনের প্রাপ্য স্বত্বভাড়া ও ঘাটতি উৎপাদন ভাড়ার জন্যে 'খুশি' লিঃ এর হিসাবকে ডেবিট করা হলো) | | ২,৫০০ | <br>২,০০০<br>৫০০ |
| | নগদান হিসাব ডেঃ<br>'খুশি' লিঃ এর হিসাব ক্রেঃ<br>('খুশি' লিঃ এর হিসাবকে নিকট হতে স্বত্বভাড়া পাওয়া গেল) | | ২,৫০০ | <br>২,৫০০ |
| | প্রাপ্য স্বত্ব ভাড়া হিসাব ডেঃ<br>লাভ-ক্ষতির হিসাব ক্রেঃ<br>(প্রাপ্য স্বত্বভাড়া লাভ-ক্ষতির হিসাবে স্থানান্তর করা হলো) | | ২,০০০ | <br>২,০০০ |
| ২০১৬ | প্রদেয় স্বত্বভাড়া হিসাব ডেঃ<br>ফরহাদ ব্রাদার্সের হিসাব ক্রেঃ<br>(৫,৫০০ টনের প্রদেয় ভাড়ার জন্যে) | | ৫,৫০০ | <br>৫,৫০০ |
| | ফরহাদ ব্রাদার্সের হিসাব ডেঃ<br>নগদান হিসাব ক্রেঃ<br>ঘাটতি উৎপাদন ভাড়া হিসাব ক্রেঃ<br>(ঘাটতি উৎপাদন ভাড়ার উশুল বাদ দিয়া বাকী টাকা ইজারাদারকে প্রদান করা হলো) | | ৫,৫০০ | <br>৪,৫০০<br>১,০০০ |
| | ক্রয়-বিক্রয় হিসাব ডেঃ<br>প্রদেয় স্বত্বভাড়া হিসাব ক্রেঃ<br>(প্রদেয় স্বত্বভাড়া ক্রয়-বিক্রয় হিসাবে স্থানান্তর করা হলো) | | ৫,৫০০ | <br>৫,৫০০ |
| | 'খুশি' লিঃ এর হিসাব ডেঃ<br>প্রাপ্য স্বত্বভাড়া হিসাব ক্রেঃ<br>(১,৫০০ টনের প্রাপ্য স্বত্ব ভাড়ার জন্যে) | | ৩,০০০ | <br>৩,০০০ |

| সাল | বিবরণ | | খঃপৃঃ | ডেঃ (টাকা) | ক্রেঃ (টাকা) |
|---|---|---|---|---|---|
| | ঘাটতি উৎপাদন অনিশ্চিত হিসাব | ডেঃ | | ১,০০০ | |
| | ‘খুশি’ লিঃ এর হিসাব | ক্রেঃ | | | ৫০০ |
| | লাভ-ক্ষতির হিসাব | ক্রেঃ | | | ৫০০ |
| | (‘খুশি’ লিঃ কর্তৃক ঘাটতি উশুল ও ঘাটতি অনাদায়ীর জন্য ঘাটতি উৎপাদন অনিশ্চিত হিসাবকে ডেবিট করা হলো) | | | | |
| | নগদান হিসাব | ডেঃ | | ২,৫০০ | |
| | ‘খুশি’ লিঃ এর হিসাব | ক্রেঃ | | | ২,৫০০ |
| | (‘খুশি’ লিঃ স্বত্বভাড়া লাভ-ক্ষতির হিসাবে স্থানান্তর করা হলো) | | | | |
| | প্রাপ্য স্বত্বভাড়া হিসাব | ডেঃ | | ৩,০০০ | |
| | লাভ-ক্ষতির হিসাব | ক্রেঃ | | | ৩,০০০ |
| | (প্রাপ্য স্বত্বভাড়া লাভ-ক্ষতির হিসাবে স্থানান্তর করা হলো) | | | | |
| ২০১৭ | প্রদেয় স্বত্বভাড়া হিসাব | ডেঃ | | ৬,২৫০ | |
| | ফরহাদ ব্রাদার্সের হিসাব | ক্রেঃ | | | ৬,২৫০ |
| | (৬,২৫০ টনের স্বত্বভাড়া প্রদেয় হলো) | | | | |
| | ফরহাদ ব্রাদার্সের হিসাব | ডেঃ | | ৬,২৫০ | |
| | নগদান হিসাব | ক্রেঃ | | | ৫,৫০০ |
| | ঘাটতি উৎপাদন ভাড়া হিসাব | ক্রেঃ | | | ৭৫০ |
| | ( ঘাটতি উশুলের পর বাকী স্বত্বভাড়া ইজাদারকে প্রদান করা হলো) | | | | |
| | ক্রয়-বিক্রয় হিসাব | ডেঃ | | ৬,২৫০ | |
| | প্রদেয় স্বত্বভাড়া হিসাব | ক্রেঃ | | | ৬,২৫০ |
| | (প্রদেয় স্বত্বভাড়া ক্রয়-বিক্রয় হিসাবে স্থানান্তর করা হলো) | | | | |
| | ‘খুশি’ লিঃ এর হিসাব | ডেঃ | | ৪,০০০ | |
| | প্রদেয় স্বত্বভাড়া হিসাব | ক্রেঃ | | | ৪,০০০ |
| | (২,০০০ টনের প্রাপ্য স্বত্বভাড়ার জন্যে) | | | | |
| | ঘাটতি উৎপাদন অনিশ্চিত হিসাব | ডেঃ | | ৫০০ | |
| | ‘খুশি’ লিঃ এর হিসাব | ক্রেঃ | | | ৫০০ |
| | (উশুলযোগ্য ঘাটতির জন্যে) | | | | |
| | নগদান হিসাব | ডেঃ | | | |
| | ‘খুশি’ লিঃ এর হিসাব | ক্রেঃ | | ৩,৫০০ | ৩,৫০০ |
| | (খুশি লিঃ এর নিকট হতে পাওয়া গেল) | | | | |

| সাল | বিবরণ | | খঃপৃঃ | ডেঃ (টাকা) | ক্রেঃ (টাকা) |
|---|---|---|---|---|---|
| | প্রাপ্য স্বত্বভাড়া হিসাব | ডেঃ | | ৪,০০০ | |
| | লাভ ক্ষতি হিসাব | ক্রেঃ | | | ৪,০০০ |
| | (প্রাপ্য স্বত্বভাড়া লাভ-ক্ষতির হিসাবে স্থানান্তর করা হলো) | | | | |
| ২০১৮ | প্রদেয় স্বত্বভাড়া হিসাব | ডেঃ | | ৬,৭০০ | |
| | ফরহাদ ব্রাদার্স এর হিসাব | ক্রেঃ | | | ৬,৭০০ |
| | (প্রদেয় স্বত্বভাড়ার জন্যে) | | | | |
| | ফরহাদ ব্রাদার্স এর হিসাব | ডেঃ | | ৬,৭০০ | |
| | নগদান হিসাব | ক্রেঃ | | | ৬,৭০০ |
| | (ইজারাদারকে নগদ পরিশোধ করা হলো) | | | | |
| | ক্রয়-বিক্রয় হিসাব | ডেঃ | | ৬,৭০০ | |
| | প্রদেয় স্বত্বভাড়া হিসাব | ক্রেঃ | | | ৬,৭০০ |
| | (স্বত্বভাড়া ক্রয়-বিক্রয় হিসাবে স্থানান্তর করা হলো) | | | | |
| | 'খুশি' লিমিটেড এর হিসাব | ডেঃ | | ৪,৪০০ | |
| | প্রাপ্য স্বত্বভাড়া হিসাব | ক্রেঃ | | | ৪,৪০০ |
| | (২,২০০ টনের স্বত্বভাড়া পাওনা হলো) | | | | |
| | নগদান হিসাব | ডেঃ | | ৪,৪০০ | |
| | 'খুশি' লিঃ এর হিসাব | ক্রেঃ | | | ৪,৪০০ |
| | (স্বত্বভাড়া বাবদ 'খুশি' লিঃ এর নিকট হতে পাওয়া গেল) | | | | |
| | প্রাপ্য স্বত্বভাড়া হিসাব | ডেঃ | | ৪,৪০০ | |
| | লাভ-ক্ষতি হিসাব | ক্রেঃ | | | ৪,৪০০ |
| | (প্রাপ্য স্বত্বভাড়া লাভ-ক্ষতি হিসাবে স্থানান্তর করা হলো) | | | | |

**Example 05 :** J & H Colliary Company worked for withdrawing coal under a lease which provided for the payment of rolalties at Tk. 4.00 per ton with a minimum rent of Tk. 50,000 per year. Each year's excess of minimum rent over the actual rolalties was recoverable during the three subsequent years. If in any year the normal rent was not attained due to strike or accident, then the minimum rent was to be regarded as having been reduced proportionately having regard to the length of stoppage. During the year 2017, output was stopped for two months strike. The outputs were as follows:

| Year | Output (Ton) |
|---|---|
| 2015 | 11,500 |
| 2016 | 15,000 |
| 2017 | 9,000 |
| 2018 | 24,000 |
| 2019 | 28,000 |

**Requirement :** Prepare a table of  payable in the books of J & H Company.

**Solution :**

**J & H Colliery Company**
**Table of royalties payable**

| Year | Output (ton) | Minimum rent (Tk) | Actual Royalties (Tk.) | Short workings (Tk.) | Short W. recouped (Tk.) | Irrecoverable Short W. (Tk.) | Payable to Landlord (Tk.) |
|---|---|---|---|---|---|---|---|
| 2015 | 11,500 | 50,000 | 46,000 | 4,000 | -- | -- | 50,000 |
| 2016 | 15,000 | 50,000 | 60,000 | -- | 4,000 | -- | 56,000 |
| 2017 | 9,000 | *41,667 | 36,000 | 5,667 | -- | -- | 41,667 |
| 2018 | 24,000 | 50,000 | 96,000 | -- | 5,667 | -- | 90,333 |
| 2019 | 28,000 | 50,000 | 1,12,000 | -- | -- | -- | 1,12,000 |

*In 2017, minimum rent was [Tk. 50,000 – {(50,000 ÷12) × 2}] = Tk. 41,667

**Example 06 :** Professor Ali wrote a book and authorized ABC Company Ltd. to publish the book. The shortworkings for any accounting period can be recouped in the following year only. The royalty is to be calculated on the printed price of book, based on numbers of copies sold. The rate of royalty is as under.

1 to 5,000 copies - 10%
5001 to 10,000 copies - 12.50%
10,001 copies and above - 15%

The minimum amount payable per annum is to be calculated on a time basis, which is as follows:

2010 - Tk. 30,000, 2011 – Tk. 1,00,000
2012 - Tk. 1,20,000 2013 – Tk. 1,40,000
and afterwords Tk. 1,50,000

The following additional information is provided:

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Year | : | 2010 | 2011 | 2012 | 2013 | 2014 |
| Per unit price (Tk.) | : | 100 | 120 | 140 | 150 | 200 |
| Copy sold | : | 2000 | 7000 | 8000 | 13000 | 15000 |

**Requirements :** Prepare a table of royalties payable in the book of ABC Publishing Company Limited.

**ABC Publishing Company Ltd.**

**Table of Royalties Payable**

| Year | Actual Royalties (TK.) | Minimum Rent (Tk.) | Excess Workings (Tk.) | Shorworkings | | | | Royalty Payable (Tk.) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Suffered (Tk.) | Recouped (Tk.) | Written off (Tk.) | C/F (Tk.) | |
| 2010 | 20,000 | 30,000 | - | 10,000 | - | - | 10,000 | 30,000 |
| 2011 | 1,05,000 | 1,00,000 | 5,000 | - | 5,000 | 5,000 | - | 1,00,000 |
| 2012 | 1,40,000 | 1,20,000 | 20,000 | - | - | - | - | 1,40,000 |
| 2013 | 2,92,5000 | 1,40,000 | 1,52,000 | - | - | - | - | 2,92,500 |
| 2014 | 4,50,000 | 1,50,000 | 3,00,000 | - | - | - | - | 4,50,000 |

Calculation of actual royalties:

2010 = Tk. (2000×100) ×10% = Tk. 20,000

2011 = Tk. (7000×120) ×12.50% = Tk. 1,05,000

2012 = Tk. (8000×140) ×12.50% = Tk. 1,40,000

2013 = Tk. (13000×150) ×15% = Tk. 2,92,500

2014 = Tk. (15000×200) ×15% = Tk. 4,50,000

**Example 07 :** Professor Islam wrote a book and authorized to Standard Publishing Company Ltd. to publish the book. The shortworkings, if any, in first 3 years can be recovered within 5 years from start. The minimum rent will be as follows:

2010 : Tk. 1,00,000, 2011 : Tk. 1,50,000

2012 : Tk. 2,00,000 2013 : Tk. 2,50,000

2014 and onwards Tk. 3,00,000 p.a.

The Royalty is to be calculated on the printed price of book, based on number of copies sold. The rate of royalty as under:

1 to 5,000 copies : 10%

5001 to 10,000 copies : 15%

10,001 copies and above : 20%

Following are the additional information:

| Year | 2010 | 2011 | 2012 | 2013 | 2014 |
|---|---|---|---|---|---|
| Copies printed | 4000 | 8000 | 12000 | 3000 | 18000 |
| Price (Tk.) | 200 | 210 | 220 | 250 | 300 |
| Copies sold: | 3500 | 7500 | 11000 | 4000 | 15000 |

Books are sold on FIFO method (i.e. First Print First Sold)

**Requirement :** Show table of royalties payable in the book of Standard Publishing Company Ltd.

**Solution-07 : Standard Publishing Company Limited**

**Table of Royalties Payable**

| Year | Actual Royalties (TK.) | Minimum Rent (Tk.) | Excess Workings (Tk.) | Shorworkings | | | | Royalty Rent (Tk.) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Suffered (Tk.) | Recouped (Tk.) | Year | Royalties (TK.) | |
| 2010 | 70,000 | 1,00,000 | - | 30,000 | - | - | 30,000 | 1,00,000 |
| 2011 | 2,35,500 | 1,50,000 | 85,500 | - | 30,000 | 5,000 | - | 2,05,500 |
| 2012 | 4,82,000 | 2,00,000 | 2,82,000 | - | - | - | - | 4,82,000 |
| 2013 | 94,000 | 2,50,000 | - | 1,56,000 | - | 1,56,000 | - | 2,50,000 |
| 2014 | 8,90,000 | 3,00,000 | 5,90,000 | - | - | - | - | 9,90,000 |

Calculations of actual royalties :

2010 : (3500 Copies × Tk. 200) × 10% = Tk. 70,000

2011 : {(500×200) + (7000×210)} × 15% = Tk. 2,35,500

2012 : {(1000×210) + (10,000×220)} ×20% = Tk. 4,82,000

2013 : {(2000×220) + (20,000×250)} ×10% = Tk. 94,000

2014 : {(1000×250) + (14,000×300)} ×20% = Tk. 8,90,000

**সারসংক্ষেপ :**

স্বত্বভাড়া হিসাবরক্ষণের সমস্যাবলি অনুশীলনের মাধ্যমে আমরা ভূমি, খনি ও বই প্রকাশের জন্যে যে অর্থ প্রদান করা হয়, সে সম্পর্কিত হিসাবসমূহ সংরক্ষণ করার পদ্ধতিগুলো জানতে পারি।

## ইউনিট মূল্যায়ন

১। উদাহরণসহ স্বত্বভাড়ার সংজ্ঞা লিখুন। (Define royalty with examples)

২। ঘাটতি উৎপাদন ভাড়া এবং পুনরুদ্ধার অযোগ্য ঘাটতি উৎপাদন ভাড়ার মধ্যে পার্থক্য নির্ণয় করুন। (Differentiate between shortworkings and irrecoverable shortworkings)

৩। টীকা লিখুন : ক) উপস্বত্ব ভাড়া খ) ন্যূনতম ভাড়া গ) ঘাটতি উৎপাদন ভাড়া ঘ) ঘাটতি উৎপাদন ভাড়া পুনরুদ্ধার ঙ) স্বত্বভাড়া দাতা চ) স্বত্বভাড়াটিয়া। (Write short note on: a. Sub-royalties b. Minimum Rent c. Shortworkings d. Recovery of shortworkings e. Landlord/ Lessor f. Lessee)

৪। ২০১৪ সালের ১ জানুয়ারি,তারিখে মুশফিক লিঃ পাঁচ বৎসরের জন্য সাকিব লিঃ এর নিকট হতে একটি খনির লিজ নিয়েছিল। শর্তনুসারে ইজারাদারকে টন প্রতি স্বত্বভাড়া বাবত ১ টাকা করে প্রদান করতে হবে। বৎসরে ন্যূনতম খাজনার পরিমাণ হবে ২,৫০০ টাকা। স্বত্বগ্রহীতা লিজ শুরুর চার বৎসরের মধ্যে ঘাটতি উৎপাদন সংক্রান্ত ভাড়া পুনরুদ্ধার করতে পারবে। ইজারার শুরু হতে উৎপাদনের পরিমাণ ছিল ঃ ২০১৪ সালে ২,৮০০ টন; ২০১৫ সালে ৩,০০০ টন; ২০১৬ সালে ৩,৫০০ টন; ২০১৭ সালে ৪,০০০ টন ও ২০১৮ সালে ৫,০০০ টন।

**করণীয় :** ইজারা গ্রহীতার বইতে প্রদেয় স্বত্বভাড়ার বিশ্লেষণ দেখান।

৫। জানুয়ারি ০১, ২০১৪ তারিখে সাজিদ লিমিটেড পাঁচ বৎসরের জন্য হুসাইন লিমিটেড এর নিকট হতে একটি খনির লিজ নিয়েছিল। শর্তানুসারে ইজারাদারকে টন প্রতি স্বত্বভাড়া বাবত ১ টাকা করে প্রদান করতে হবে। বৎসরে ন্যূনতম খাজনার পরিমাণ হবে ১,৮০০ টাকা। স্বত্বগ্রহীতা লিজ শুরুর চার বৎসরের মধ্যে ঘাটতি উৎপাদন সংক্রান্ত ভাড়া পুনরুদ্ধার করতে পারবে। ইজারার শুরু হতে উৎপাদনের পরিমাণ ছিল নিম্নরূপ :

২০১৪ সালে ২,০০০ টন; ২০১৫ সালে ২,১০০ টন; ২০১৬ সালে ২,৪০০ টন; ২০১৭ সালে ৩,২০০ টন ও ২০১৮ সালে ৩,৮০০ টন।

**করণীয় :** ন্যূনতম খাজনা হিসাব না খুলে সাজিদ লিমিটেডের বইতে প্রয়োজনীয় জাবেদা লিখুন।

৬। আলফা লিমিটেড ১ জানুয়ারি ২০১৪ সালে গামা লিমিটেডের নিকট হতে মণ প্রতি ১ টাকা স্বত্বভাড়ার বিনিময়ে একটি কয়লা খনির ইজারা গ্রহণ করে। চুক্তি মোতাবেক ন্যূনতম খাজনার পরিমাণ নির্ধারিত হয় ২০,০০০ টাকা। প্রতি বছরে ঘাটতি উৎপাদন সংক্রান্ত ভাড়া পরবর্তী দুই বছরের স্বত্বভাড়া হতে আদায় করা যাবে। চুক্তি অনুযায়ী কোনো বছরে ধর্মঘট, কার্যবিরতি বা দূর্ঘটনার কারণে ন্যূনতম খাজনা না উঠলে উক্ত বছরের প্রকৃত অর্জিত ভাড়া ঐ বছরের স্বত্বভাড়া হিসাবে গণ্য করা হবে। বিভিন্ন বছরের উত্তোলিত কয়লার পরিমাণ ছিল নিম্নরুপ :

| বছর | ২০১৪ | ২০১৫ | ২০১৬ | ২০১৭ | ২০১৮ |
|---|---|---|---|---|---|
| উৎপাদিত কয়লা (টন) | ২০০০ | ৭০০০ | ১৯,০০০ | ২৪,০০০ | ৩১,০০০ |

**করণীয় :** ন্যূনতম খাজনা হিসাব না খুলে আলফা লিমিটেডের বইতে প্রয়োজনীয় জাবেদা ও খতিয়ান তৈরি করুন।

7. Cumilla Company Ltd. took lease a mine from Mr. Helal for a period of 7 years from January 2014 on a royalty of Tk. 4 per ton of limestone raised with a minimum rent of Tk. 80,000 per annum. Cumilla Co. is entitled to recoup shorworkings during the next two years following the years in which such shortworkings are paid. The annual outputs of limestone were as follows:

| Year | Raised (Tons) |
|---|---|
| 2014 | 14,000 |
| 2015 | 16,000 |
| 2016 | 20,000 |
| 2017 | 25,000 |

**Requirements :** Show the royalty analysis statement and give the journal entries in the book of Cumilla Company Ltd. for the year 2014 and 2015.

8. On 1st January, 2015, Bishwas Corporation took lease a piece of land. Minimum rent for each year will be Tk. 4,000. Royalties will be Tk. 0.50 per ton with right to recouped the short workings within the 1st three years. Four years productions commencing 31 December 2018 were 2,000 tons, 7,000 tons, 15,000 tons and 25,000 tons, respectively.

**Requirements:** Show the journal entries and necessary ledger in the books of Bishwas Corporation.

9. Mysha Ltd. took lease a mine from the landlord with a minimum rent of Tk. 35,000 per year. Excess of minimum rent over the actual rent of each year can be recouped from the next three years royalties. If the minimum rent will not being produced because of strike, then the actual rent of that year will be taken as minimum rent of the year realized fully. The output of the following years are as:

| Year | 2016 | 2017 | 2018 | 2019 | 2020 |
|---|---|---|---|---|---|
| Output in Tk. | 40,000 | 35,000 | 50,000 | 55,000 | 58,000 |

**Requirements:** Prepare journal entries and prepare necessary ledger in the books of Mysha Lmitted. (Do not consider minimum rent account)